

## Press Release

দি পিপলস ইউনিভার্সিটি অব বাংলাদেশ-এর বোর্ড অব ট্রাস্টিজ (বিওটি)-এর চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন বাংলাদেশের অন্যতম শীর্ষস্থানীয় শিল্পগোষ্ঠী মেঘনা গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ (এমজিআই) চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর মোস্তফা কামাল।



গত সোমবার (১৭ ফেব্রুয়ারি) রাজধানীর গুলশান ক্লাব-এ বিশ্ববিদ্যালয়-এর বার্ষিক সাধারণ সভা (এজিএম)-এ নতুন পরিচালনা পর্ষদ নির্বাচনে উপস্থিত সকল সদস্যদের সম্মতিতে ২ বৎসর মেয়াদের জন্য তিনি চেয়ারম্যান নির্বাচিত হন।

এছাড়াও, বোর্ড অব ট্রাস্টিজ-এর ভাইস চেয়ারম্যান হিসেবে পুনঃনির্বাচিত হয়েছেন ডাক্তার মিনহাজ উদ্দিন আহমেদ এবং সদস্য সচিব নির্বাচিত হয়েছেন মুহাম্মদ নাজমুল হাসান। সভায় বোর্ড অব ট্রাস্টিজ-এর অন্যান্য সদস্যবৃন্দ সলিমুল হক কামাল, মাহমুদুর রহমান সুমন, শামসুন্নাহার রশীদ, শাহ নূরুন্নবী, উম্মে কুলসুম পারভিন, নাদিয়া হোসেন, কাজী আরিফুল ইসলাম, রাজীব চক্রবর্তী এবং

বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. এ কে এম মাহবুবুজ্জামান উপস্থিত ছিলেন।

মোস্তুফা কামাল বাংলাদেশের শিল্প বিকাশে অন্যতম অগ্রণী ভূমিকা পালনের পাশাপাশি শিক্ষা, স্বাস্থ্য ও সমাজসেবায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছেন। শুধু শহরেই নয়, দেশের প্রত্যন্ত অঞ্চলেও শিক্ষার আলো ছড়িয়ে দিতে তার যুগপৎ উদ্যোগ রয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং ডিপার্টমেন্ট-এর সবচেয়ে বড় শিক্ষাবৃত্তি, বুয়েট-এর কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট-এ গবেষণা ও বৃত্তি অনুদানের পাশাপাশি, দেশের প্রত্যন্ত অঞ্চলে শিক্ষাপ্রতিষ্ঠান যেমন- আলহাজ্ব নূর মিয়া ডিগ্রি কলেজ, আলহাজ্ব আয়েশা খাতুন পলিটেকনিক ইনস্টিটিউটসহ বিভিন্ন স্কুল, কলেজ ও মাদ্রাসা প্রতিষ্ঠা ও পরিচালনায় তিনি নিরলসভাবে কাজ করে যাচ্ছেন।